



# বাংলাদেশ

# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৮, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হানীয় সরকার, পশ্চীম উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
হানীয় সরকার বিভাগ  
(পৌর শাখা-৩)

## প্রজ্ঞাপন

তারিখ, ২৫শে মার্চ ২০০১ইং/১১ই তৈতি ১৪০৭বাং

এস, আর, ও নং ৬৯-আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও  
নং-২৮৫-আইন/২০০০, তারিখ ২০-০৯-২০০০ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা  
ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration  
and Alterations of Municipalities Rules, 1978, অঙ্গপর উক্ত Rules বলিয়া উন্নিষিত, এর  
rule-3 এর বিধান মোতাবেক উক্ত রূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং  
উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য ফেণী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান  
করিয়াছিল;

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে  
মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে অতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই অতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4 (2) এর অধীনে উক্ত  
এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চৃত্ত্বাত্ত্ব সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4 এর clause  
(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন  
তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ৯ই বৈশাখী, ১৪০৮বাং/২২শে এপ্রিল, ২০০১ইং তারিখ

( ৭৯৫ )

মূল্য ৪ টাকা ১.০০

হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল যাহা পরওরাম মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

### তফসিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল.নং	দাগ নং
পরওরাম	কোলাপাড়া	৪৫	০১—৩৫৬৪
	অনন্তপুর	৪৩	০১—২৫৩৮
	সলিয়া	৪৯	০১—১৭৬৩
	বাটুরখুমা	১৩	০১—১৯৪৭
	বাটুরপাথর	১৪	০১—১৭২৯
	দঃ বেড়াবাড়িয়া	৪৮	০১—১১২৮
	উত্তর গুথুমা	৪৭	০১—২৫৯৯
	দুবলা চান্দ	১৫	০১—৮৩৩
	বাঁশ পদুয়া	৪৬	০১—৮৬০
	খনকিয়া	৪৪	০১—১৪৬

### রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী খান  
উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।